

হাসপাতালে ভাঙ্গচুরের ঘটনায় রাবির ৩০০ শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা

নিজস্ব প্রতিবেদক

২০ অক্টোবর ২০২২ ০৯:১৫

পিএম | আপডেট: ২০

অক্টোবর ২০২২ ০৯:১৫

পিএম

6

Shares



রুটি

খাবার জমবে
রুটি সঙ্গে

আরও জাগত

ক্লিক করুন

রাবি শিক্ষার্থী। ছবি: সংগৃহীত

advertisement

শিক্ষার্থীর মৃত্যুকে কেন্দ্র করে চিকিৎসকের অবহেলার অভিযোগ এনে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভাঙ্গচুরের ঘটনায় বিশ্ববিদ্যালয়ে ৩০০ শিক্ষার্থীর বিরুদ্ধে মামলার আবেদন করেছে কর্তৃপক্ষ। আজ বৃহস্পতিবার হাসপাতালের ভারপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তা আনোয়ার হোসেন বাদী হয়ে রাজপাড়া থানায় এ মামলার আবেদন করেন বলে জানিয়েছেন রাজশাহী মহানগর পুলিশের অতিরিক্ত উপ-কমিশনার রফিকুল ইসলাম। তিনি বলেন, ‘হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে একটি অভিযোগ পেয়েছি। সেটি পর্যালোচনা করা হচ্ছে। পরবর্তী সময়ে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।’

গতকাল বুধবার রাত ৮টার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ হবিবুর রহমান হলের চারতলার ছাদ থেকে পড়ে আহত হন মার্কেটিং বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র শাহরিয়ার। পরে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের ৮ নম্বর ওয়ার্ডে ভর্তি করা হয়। রাত ৯টার দিকে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। এ দিকে শাহরিয়ারের বন্ধুরা অভিযোগ করেন, পোনে এক ঘণ্টা হাসপাতালে

থাকলেও তাকে কোনো চিকিৎসা দেওয়া হয়নি। ওই অভিযোগ তুলে তারা হাসপাতালে ভাঙ্গুর শুরু করেন এবং দুই চিকিৎসককে অবরুদ্ধ করে রাখেন। একপর্যায়ে হাসপাতালের আনসার সদস্য ও ইন্টার্ন চিকিৎসকদের সঙ্গে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ধাওয়া পাল্টা ধাওয়া শুরু হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের পাঁচ শিক্ষার্থী আহত হন।

advertisement 3

এ ঘটনায় মামলার আবেদনের ব্যাপারে হাসপাতালের পরিচালক বিগ্রেডিয়ার জেনারেল শামীম ইয়াজদানি বলেন, ‘যেহেতু হাসপাতালে হামলা হয়েছে এবং ভাঙ্গুর করা হয় তাই পরবর্তী সময়ের নিরাপত্তার জন্য হাসপাতাল কর্তৃপক্ষের পক্ষ থেকে একটি মামলার আবেদন করে রাখা হয়েছে।’ তিনি আরও বলেন, ‘বিশ্ববিদ্যালয় ছাত্র কিভাবে মারা গেছেন তা নিশ্চিত হওয়া যায়নি। এ ছাড়া ময়নাতদন্ত ছাড়াই তারা লাশ নিয়ে গেছে।’

advertisement 4

6
Shares